



চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ডিজাইন বিভাগ
ওয়াসা ভবন, দামপাড়া, চট্টগ্রাম।

ফোন: ০৩১-৬১৩৪৯২ ই-মেইল: cwasa.design.division@gmail.com

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং : ৪৬.০৬.০০০০.৩০৯.৩২.২০১.২০.১৫

তারিখ : ১৭/০২/২০২১ খ্রিঃ

বিষয় : ২০২১-২০২২ আর্থিক সালের ঠিকাদার তালিকাভুক্তি নবায়নের বিজ্ঞপ্তি।

(ক্যাটাগরী : প্লাম্বিং / মেকানিক্যাল / ইলেকট্রিক্যাল / সিভিল)

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, তাঁর ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০২০-২০২১ আর্থিক সালের তালিকাভুক্তির মেয়াদ আগামী ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়ে যাবে। ২০২১-২০২২ আর্থিক সালের জন্য তালিকাভুক্তি নবায়ন করতে আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠান নিম্নবর্ণিত কাগজপত্রসহ আগামী ২১ মার্চ ২০২১ খ্রিঃ এর মধ্যে নিজস্ব প্যাডে সদস্য সচিব, ঠিকাদার তালিকাভুক্তি কমিটি ও নির্বাহী প্রকৌশলী, ডিজাইন বিভাগ বরাবরে আবেদন করার জন্য অনুরোধ করা হল।

১। ক) ঠিকাদারী রেজিস্ট্রেশন বহি।

খ) ঠিকাদারী রেজিস্ট্রেশন বহির ছবি সম্বলিত পৃষ্ঠায় বর্ণিত ফটো, ক্যাটাগরী, তালিকার বর্ণনা ও ঠিকানা প্রভৃতির সত্যায়িত ফটোকপি।

২। যে শ্রেণীর জন্য নবায়ন করা হবে সেই শ্রেণীর ঠিকাদার হিসাবে যে কোন সিটি কর্পোরেশন হতে হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

৩। মূল্য সংযোজন কর (VAT) (১১ ডিজিট/ অনলাইনে ৯ ডিজিট বিশিষ্ট) ও আয়কর (INCOME TAX) (১২ ডিজিট) হালনাগাদ পরিশোধের কাগজপত্রের সত্যায়িত ফটোকপি।

৪। ইলেকট্রিক্যাল শ্রেণীর ক্ষেত্রে হালনাগাদকৃত বৈদ্যুতিক ABC লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

৫। প্রতিষ্ঠানের সচল ই-মেইল ঠিকানা এবং মোবাইল নম্বর।

ক) প্রতিষ্ঠানের ই-মেইল

খ) মোবাইল নম্বর

৬। ঠিকাদার নিবন্ধন বহির পাতা শেষ হয়ে গেলে ২০০/- (অফেরতযোগ্য) টাকা জনতা ব্যাংক, ওয়াসা শাখায় জমাদানের রশিদ অত্র অফিসে দাখিল পূর্বক নতুন নিবন্ধন বহি সংগ্রহ করা বাঞ্ছনীয়।

বর্ণিত দলিলাদি প্রদানের পর নবায়নের ফি ও মুসক জমাদানের ডিমান্ড নোট প্রদান করা হবে।

সদস্য সচিব
ঠিকাদার তালিকাভুক্তি কমিটি
ও
নির্বাহী প্রকৌশলী
ডিজাইন বিভাগ, চট্টগ্রাম ওয়াসা।

তারিখ : ১৭/০২/২০২১ খ্রিঃ

স্মারক নং : ৪৬.০৬.০০০০.৩০৯.৩২.২০১.২০.১৫

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পি এন্ড সি), চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

সদস্য সচিব
ঠিকাদার তালিকাভুক্তি কমিটি
ও
নির্বাহী প্রকৌশলী
ডিজাইন বিভাগ, চট্টগ্রাম ওয়াসা।